# শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি প্রশংসনীয় উদ্যোগ, তবে...

মাছুম বিল্লাহ

**২৮ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৬ মিনিটে**

Share 40 প্রিন্ট (./home/printnews/831939/2019-10-28)



(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwestı
kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

**Getting a Job in Australia Might be Easier Than You Th**
**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**

দেশের বেসরকারি শিক্ষক সমাজ তথা পুরো শিক্ষাক্ষেত্রে বিরাট এক আনন্দের সংবাদ হচ্ছে দীর্ঘ সাড়ে ৯ বছর অপেক্ষার পর দুই হাজার ৭৩০টি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওর আওতায় নিয়ে আসা হয়েছে এবং ২০১৯-২০ অর্থবছর থেকেই এ সিদ্ধান্ত কার্যকর হবে, অর্থাৎ এ বছরের ১ জুলাই থেকে। আমার বলতে দ্বিধা নেই যে এটি বর্তমান সরকারের বহু সমালোচিত পদক্ষেপের এটি একটি প্রশংসনীয় পদক্ষেপ। আমরা জানি, সর্বশেষ সেই ২০১০ সালে এক হাজার ৬২৪টি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছিল। এর পর থেকে শিক্ষকদের বহু আন্দোলন হয়েছে। এত দিন পরে হলেও একসঙ্গে এতগুলো প্রতিষ্ঠানকে এমপিও দেওয়া এক বিরাট সাহসের ব্যাপারও বটে। ধন্যবাদ প্রধানমন্ত্রীকে, ধন্যবাদ বর্তমান সরকারকে। এই উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী এমপিওভুক্ত নতুন প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নীতিমালা মেনে চলার পরামর্শ দেন। তিনি বলেন, ‘আপনারা নীতিমালা অনুযায়ী সব নির্দেশনা পূরণ করতে পেরেছেন বলে এমপিওভুক্ত হয়েছেন। কাজেই এটি ধরে রাখতে হবে। কেউ যদি এটি ধরে রাখতে ব্যর্থ হন, সঙ্গে সঙ্গে তার এমপিওভুক্তি বাতিল হবে। কারণ এমপিওভুক্তি হয়ে গেছে, বেতন তো পাবই, ক্লাস করানোর দরকার কী, পড়ানোর দরকার কী–এ চিন্তা করলে কিন্তু চলবে না।’ মাননীয় প্রধানমন্ত্রী যথার্থই বলেছেন। রাষ্ট্রীয় অনেক প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমরা দেখতে পাই, সরকারি বিধায় তারা জনগণকে সেবা দিতে চান না, কারণ সেবা দিলেও তাদের বেতন আছে, না দিলেও তারা বেতন পাবে। এ জন্য বেসরকারি পর্যায়ে পরিচালিত প্রতিষ্ঠানের মান, সেবা ও আন্তরিকতা অনেক বেশি থাকে। শিক্ষার বিষয়টি আলাদা। এর সঙ্গে অন্য কোনো কিছুর তুলনা চলে না। অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মতো যাতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো না হয় সেটি সবারই কাম্য। কিন্তু দেখা যায়, এখানে শুধু ব্যতিক্রম নয়, শিক্ষাক্ষেত্রে যা হওয়ার কথা নয় তার চেয়ে বহু বেশি দুর্নীতি হচ্ছে।

এমপিও নীতিমালা ও জনবল কাঠামো-২০১৮ অনুযায়ী আরোপিত শর্ত পূরণ করতে হয়েছে নতুনভাবে এমপিওর আওতায় আসা প্রতিষ্ঠানগুলোকে। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের যোগ্যতা, অভিজ্ঞতা, নিয়োগকালীন বিধি-বিধান ও সংশ্লিষ্ট পরিপত্র মোতাবেক এমপিও দেওয়া হয়েছে। নিবন্ধন প্রথা চালু হওয়ার আগে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীরা এমপিওভুক্তির সুযোগ পেয়েছেন। তবে পরবর্তী সময়ে নিয়োগপ্রাপ্তদের  নিবন্ধন সনদ লেগেছে। যেসব প্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য বিবেচিত হয়েছে তার মধ্যে কোনো প্রতিষ্ঠান নীতিমালা অনুযায়ী কাম্য যোগ্যতা বজায় রাখতে ব্যর্থ হলে সেসব প্রতিষ্ঠানের এমপিও স্থগিত করা হবে এবং পরবর্তী সময়ে কাম্য যোগ্যতা অর্জন করলে এমপিও ফের অবমুক্ত করার বিষয়টি বিবেচনা করা হবে। সেসব তথ্যাদির আলোকে প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছে, পরবর্তী সময়ে কোনো ভুল তথ্য বা অসত্য প্রমাণিত হলে তথ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাই সাপেক্ষে প্রতিষ্ঠানের অনুকূলে এমপিওভুক্তির আদেশ কার্যকর করা হবে।

এবার এমপিওভুক্তির ক্ষেত্রে মোটামুটি ইউনিফর্মলি নিয়ম মানা হয়েছে। এমপিও মানে মান্থলি পেমেন্ট অর্ডার। এমপিওভুক্ত হলে একজন শিক্ষক সরকারি কোষাগার থেকে একজন সরকারি শিক্ষকের মূল বেতন স্কেলের সমপরিমাণ ও তার সঙ্গে কিছু বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা পান। এমপিওভুক্তির ঘোষণার ফলে বহু শিক্ষক-কর্মচারীর দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হলো। শিক্ষার ফল তখনই পাওয়া সম্ভব, যখন শিক্ষার মান নিশ্চিত করা সম্ভব হবে। শিক্ষাব্যবস্থায় শৃঙ্খলা ফিরিয়ে আনতে ও শিক্ষার মান বাড়াতে মনিটরিং ব্যবস্থা বাড়ানো এবং শিক্ষকদের মর্যাদা উন্নীতকরণ প্রয়োজন। একটি দেশের সামগ্রিক সমৃদ্ধি অর্জনের প্রশ্নে শিক্ষার অগ্রগতি ছাড়া গত্যন্তর  নেই। বিভিন্ন সময়েই শিক্ষাক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে এবং ঘটে চলেছে। শিক্ষার্থীদের ক্লাস বাদ দিয়ে কোচিংনির্ভর হয়ে পড়া, ফি বৃদ্ধি, প্রশ্ন ফাঁসসহ বিভিন্ন ধরনের ঘটনা ও অভিযোগও সামনে এসেছে। আর এ ক্ষেত্রে বলার অপেক্ষা রাখে না যে এ ধরনের ঘটনা শিক্ষা অগ্রগতির প্রতিবন্ধক। ফলে মনিটরিং নিশ্চিত করাসহ সামগ্রিক পরিস্থিতি সাপেক্ষে যথাযথ উদ্যোগ গ্রহণ অপরিহার্য।

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwest
kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl
**Getting a Job in Australia Might be Easier Than You Th**
**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**

নতুন প্রতিষ্ঠান এমপিওভুক্তি নিয়ে প্রবীণ শিক্ষক নেতা অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সঙ্গে আমার দীর্ঘক্ষণ আলাপ হয়েছে। তিনি বলেন, ‘এটি অবশ্যই সরকারের ভালো পদক্ষেপ। প্রধানমন্ত্রীকে  অসংকোচে অভিনন্দন জানাই। এবার নিয়ম-নীতির মধ্যে এমপিও দেওয়া হয়েছে। এটা নিঃসন্দেহে ইতিবাচক ঘটনা।  শিক্ষাকে উন্নয়নের সোপান ধরে এগিয়ে যেতে হবে। তাই শিক্ষকদের বঞ্চিত করার কোনো সুযোগ নেই। রাষ্ট্রকে

শিক্ষকদের প্রাপ্য সম্মান ও মর্যাদা নিশ্চিত করতে হবে পরিকল্পিতভাবে। এটি রাষ্ট্রের দায়িত্ব। শিক্ষকদের সম্মানী রাষ্ট্র কতটা দেবে, কতটা স্থানীয় সরকার দেবে সেটিও রাষ্ট্রকে নির্ধারণ করতে হবে, তবে শিক্ষকের প্রাপ্য রাষ্ট্রকে দিতেই হবে। আর শিক্ষকদেরও দেশ, রাষ্ট্র, সমাজ ও পৃথিবীর সর্বশেষ অবস্থা, পরিস্থিতি ও শিক্ষার সঙ্গে পরিচিতি থাকতে হবে, তা না হলে তাঁরা মানসম্মত শিক্ষাদান করতে পারবেন না। ইউনেসকো ও আইএলওর সনদ অনুসারে শিক্ষকদের ক্যারিয়ার পাথ বা পদসোপান তৈরি করে তাদের জীবনমানের উন্নয়ন ঘটাতে হবে।' স্যারের সঙ্গে আমি সম্পূর্ণ একমত পোষণ করছি। শিক্ষকদের প্রতি রাষ্ট্রের যেমন দায়িত্ব রয়েছে, শিক্ষকদেরও তেমনি পেশার প্রতি, শিক্ষার্থীদের প্রতি, প্রতিষ্ঠান ও দেশের প্রতি বিশাল দায়িত্ব রয়েছে, যা যথাযথভাবে পালন করতে হবে।

নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সভাপতি বলেছেন যে তাঁরা চেয়েছিলেন স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তি, যেটি করা হয়নি। তিনি বলেন, 'সারা দেশের ছয় হাজার ১৪১টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৭৫ থেকে ৮০ হাজার শিক্ষক এমপিওভুক্তির অপেক্ষায় ছিলেন। সরকারের বর্তমান সিদ্ধান্তে ১০ থেকে ১২ হাজার শিক্ষক এমপিও সুবিধার আওতায় এলেন। বাকি ৬০ থেকে ৬৫ হাজার শিক্ষকই বঞ্চিত থেকে গেলেন।' এটিও একটি গুরুত্বপূর্ণ বিষয়। এসব প্রতিষ্ঠান ও এসব প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা এ দেশেরই সন্তান। এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষাদান করার দায়িত্বও কিন্তু রাষ্ট্রের। যে দায়িত্ব থেকে রাষ্ট্র সরে এসেছে। রাষ্ট্রের যুক্তি হচ্ছে এগুলো অপরিকল্পিতভাবে প্রতিষ্ঠা করা হয়েছে। অপরিকল্পিতভাবে কেন প্রতিষ্ঠা করা হয়, করা হলে রাষ্ট্রের কি দায়িত্ব রয়েছে, সে বিষয়ে সঠিক নির্দেশনা থাকা প্রয়োজন। শুধু একটি যুক্তি দেখিয়ে অবজ্ঞা করার বা দায় এড়ানোর সুযোগ নেই।

লেখক : ব্র্যাক শিক্ষা কর্মসূচিতে কর্মরত এবং ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ ইংলিশ ল্যাংগুয়েজ টিচার্স অ্যাসোসিয়েশন (বেল্টা)। সাবেক ক্যাডেট কলেজ ও রাজউক কলেজ শিক্ষক

masumbillah65@gmail.com

মন্তব্য

0 Comments Sort by Newest

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 40 টুইট

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwestr kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

**Getting a Job in Australia Might be Easier Than You Th**
**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwestr
kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

**Getting a Job in Australia Might be Easier Than You Th**
**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwestr
kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

**Getting a Job in Australia Might be Easier Than You Th**
**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwest
kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

**Getting a Job in Australia Might be Easier Than You Th**
**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
You May Like

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

Getting a Job in Australia Might be Easier Than You Think

Jobs in Australia | Search Ads

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(http://tops.easyvoyage.co.uk/boy-reveals-what-his-father-hiding/?utm_source=taboola&utm_campaign=desktop-pereetinstit-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)

4 year old boy reveals his dad's secrets in class, then the teacher is left without explanations

Easyvoyage

(http://tops.easyvoyage.co.uk/boy-reveals-what-his-father-hiding/?utm_source=taboola&utm_campaign=desktop-pereetinstit-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)
(https://mrgadgetpro.com/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3fl kalerkantho)

Your music without wires, discover the new iHeadphones.

iHeadphones

(https://mrgadgetpro.com/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3fl kalerkantho)
(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

Finding a Job in the USA from India Might Be Easier You Think

Jobs USA | Search Ads

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwest kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

Getting a Job in Australia Might be Easier Than You Th

Jobs in Australia | Search Ads | Sponsored (https://popup.taboola.com/en/?

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)



(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830902&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)

**20 Amazing Hotels In Striking Locations You Must Visit!**

**Trip Minutes**

(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830902&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)
(http://luxxory.com/25-dangerous-foods-for-those-with-high-blood-pressure/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=247582067&utm_medium=referral&utm_campaign=dangerousfoods-low-lux)

**25 Dangerous Foods for those with High Blood Pressure**

**Luxxory**

(http://luxxory.com/25-dangerous-foods-for-those-with-high-blood-pressure/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=247582067&utm_medium=referral&utm_campaign=dangerousfoods-low-lux)
(https://www.topexpensive.com/these-are-the-20-most-expensive-cities-to-visit-for-holiday-in-2017/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=242418468&utm_medium=referral&utm_campaign=HolidayCities-WW-DTM-TEX-TB)

**The 20 Most Expensive Vacation Destinations in the World**

**Topexpensive.com**

(https://www.topexpensive.com/these-are-the-20-most-expensive-cities-to-visit-for-holiday-in-2017/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=242418468&utm_medium=referral&utm_campaign=HolidayCities-WW-DTM-TEX-TB)
(http://www.topgentlemen.com/these-4-sisters-took-the-same-picture-for-40-years/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=235059573&utm_medium=referral&utm_campaign=Sisters-WW-DTM-TG-TB)

**For 40 Years These Sisters Took the Same Picture**

**TopGentlemen.com**

(http://www.topgentlemen.com/these-4-sisters-took-the-same-picture-for-40-years/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=235059573&utm_medium=referral&utm_campaign=Sisters-WW-DTM-TG-TB)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com

(http://au-jobs-ace.fyi?sub_id=taboola_30908_System1_JobsAU_Mobile_IN_eastwest
kalerkantho&compkey=Get+Job+in+Australia+from+India&fbid=419213968647243&fbl

**Getting a Job in Australia Might be Easier Than You Th**

**Jobs in Australia | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?**